

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৩৭

খোয়াই, ০৫ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
পূর্ব সিঙ্গাচ্ছড়া ভিলেজে দু'দিনব্যাপী প্রশাসনিক শিবির

তুলাশিখর ইউনিয়নের পূর্ব সিঙ্গাচ্ছড়া ভিলেজে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে দু'দিনব্যাপী প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। গুলিয়াখল মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত এই শিবিরে খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ৯৮টি এসটি, ৮৯টি পিআরটিসি, ৩৫টি ইনকাম, ২০টি ম্যারেজ এবং ২০টি ওবিসি সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনে ৩টি স্ব-সহায়ক দলকে ৯ লক্ষ ৫০ হাজার টাকা খনের চেক তুলে দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পে ভিলেজের ৩ জন সুবিধাভোগীকে প্রথম কিস্তির ৪৮ হাজার টাকার চেক ও ৩ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণ শেষ করা সার্টিফিকেট দেওয়া হয়। ভিলেজে ৫৫ জনকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনার ৫০ জনকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা এবং ১৪ জনকে অটল পেনশন যোজনায় আওতা আনার জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া খাদ্য জনসংতরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের পক্ষ থেকে ৪টি পরিবারকে গ্যাস সংযোগ দেওয়া হয়। এছাড়াও ভিলেজের পক্ষ থেকে ২৭৫টি আর ও আর এর জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৫৬ জনকে বিভিন্ন সজি বীজ, বন্দপ্তর থেকে ৬৫ জনকে গাছের চারা প্রদান করা হয়। এছাড়া শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৭৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয় এবং প্রাণীসম্পদ বিকশ দপ্তর পক্ষ থেকে ৩৬টি পরিবারের গবাদি পশু-পাখির জন্য ঔষধ দেওয়া হয়।

\*\*\*\*\*